



জুলাই সনদের পর্যালোচনা শেষে নিজেদের মতামত ঐক্যমত কমিশনে জমা দিয়েছে এনিসিপি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) জুলাই সনদের খসড়া পর্যালোচনা শেষে নিজেদের মতামত জাতীয় ঐক্যমত কমিশনের কাছে জমা দিয়েছে। শুক্রবার (২২ আগস্ট) দুপুরে দলটির পক্ষ থেকে আনুষ্ঠানিকভাবে এ মতামত জমা দেওয়া হয়।

এর আগে রাজনৈতিক দলগুলোর অনুরোধে জুলাই সনদ নিয়ে মতামত দেওয়ার সময়সীমা বাড়ানো হয়েছিল। সেই ধারাবাহিকতায় গত বুধবার বিএনপি তাদের মতামত কমিশনে জমা দেয়। একই দিনে বিএনপির পাশাপাশি আরও পাঁচটি রাজনৈতিক দল মতামত প্রদান করে।

পরে বৃহস্পতিবার জামায়াতে ইসলামীও কমিশনে মতামত জমা দেয়। একই দিনে জেএসডি, খেলাফত মজলিস ও মার্ক্সবাদী বাসদসহ মোট ১১টি রাজনৈতিক দল জুলাই সনদের চূড়ান্ত খসড়া নিয়ে নিজেদের অবস্থান তুলে ধরে।

উল্লেখ্য, গত শনিবার জাতীয় ঐক্যমত কমিশন রাজনৈতিক দলগুলোর কাছে 'জুলাই জাতীয় সনদ-২০২৫'-এর চূড়ান্ত খসড়া পাঠায় এবং ২০ আগস্টের মধ্যে মতামত দেওয়ার অনুরোধ জানায়।